

একের পর এক গোলযোগ : ফের মাঝ আকাশ থেকে ফিরে এলো বিমান

- A Monitor Desk Report

Date: 09 August, 2025



ঢাকাঃ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের আবুধাবিগামী একটি ফ্লাইট (বিজি ৩২৭) উড্ডয়নের প্রায় দেড় ঘণ্টা পর আবার ঢাকায় ফিরে এসেছে।

উড্ডয়নের পর বিমানটির ৩টি টয়লেটের ফ্লাশ নষ্ট হয়ে যায়। এতে যাত্রীরা অস্বস্তিকর পরিস্থিতির মুখে পড়ায় ঢাকায় ফেরার সিদ্ধান্ত নেন পাইলট।

বৃহস্পতিবার (০৮ আগস্ট) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপক (জনসংযোগ) আল মাসুদ খান বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা গেছে, বাংলাদেশ এয়ারলাইন্সের আবুধাবিগামী বিজি ৩২৭ ফ্লাইটটি রাত ১২টা ২৩ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়ন করে। প্রায় এক ঘণ্টা আকাশে থাকার পর বিমানের ৩টি টয়লেটের ফ্লাশ কাজ করছিল না। ফলে যাত্রীরা অস্বস্তিকর পরিস্থিতিতে পড়েন। তখন ঢাকায় ফেরার সিদ্ধান্ত নেন পাইলট। পরে রাত ১টা ৩১ মিনিটে বিমানটি ঢাকায় অবতরণ করে।

আল মাসুদ খান জানান, বিমানটি ঢাকায় ফিরে এসেছে। তবে পরবর্তী ফ্লাইটে তাদের গন্তব্যে পাঠানোর ব্যবস্থা করা হয়েছে।

এর আগে ঢাকা থেকে উড্ডয়নের ১ ঘণ্টা পর ত্রুটি দেখা দেওয়ায় মিয়ানমারের আকাশ থেকে ফিরে আসে ব্যাংককগামী বিমানের একটি বোয়িং ৭৩৭ উড্ডোজাহাজ।

বুধবার (০৭ আগস্ট) এ ঘটনা ঘটে। এ নিয়ে গত ২০ দিনে ৬ষ্ঠবারের মতো গোলযোগে পড়লো বিমানের বহরে থাকা বোয়িং।

বিমান সূত্র জানায়, বুধবার দুপুর ১২টা ৬ মিনিটে ১৪৬ যাত্রী নিয়ে ঢাকা থেকে ব্যাংককের উদ্দেশে ছেড়ে যায় বিমানের ফ্লাইট বিজি-৩৮৮। কিছুক্ষণ পর ইঞ্জিনে অতিরিক্ত কম্পন হচ্ছে বুঝতে পেরে পাইলট মিয়ানমারের আকাশ থেকে ফের ঢাকায় ফিরে আসার অনুমতি চান। পরে সেটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নিরাপদে অবতরণ করে।

বিমান বলছে, অবতরণের পর প্রকৌশলীরা উড়োজাহাজটির ইঞ্জিনের সমস্যা খতিয়ে দেখছেন। বিমানের প্রকৌশল বিভাগের একজন কর্মকর্তা জানান, সম্প্রতি বিমানের নিজস্ব হ্যাঞ্জারে ২৪ বছরের পুরোনো বোয়িং উড়োজাহাজটির ‘হেভি মেন্টেইন্যান্স চেক’ সম্পন্ন হয়েছিল। এরপর কয়েক দিন উড়োজাহাজটি অভ্যন্তরীণ রুটে চলেছে।

বিমান সূত্রে জানা গেছে, তবে সেই বিকল্প উড়োজাহাজটি বেলা ১১টা ৩০ মিনিটে ব্যাংককগামী বিমানের বিজি-৩৮৮ ফ্লাইটের জন্য নির্ধারিত থাকায় ওই ফ্লাইট সময়মতো ছাড়তে পারেনি।

এর আগে গত ৬ আগস্ট বিমানের ব্যাংককগামী একটি ফ্লাইট ইঞ্জিনে অস্বাভাবিক কম্পন শনাক্ত হওয়ায় উড্ডয়নের এক ঘণ্টা পর ঢাকায় ফিরে আসে। সেদিনও যাত্রীদের অন্য একটি উড়োজাহাজে গন্তব্যে পাঠানো হয়। একইভাবে গত ২৮ জুলাইও দাম্মামগামী বোয়িং ৭৭৭-ইআর উড়োজাহাজ একই পরিস্থিতির মুখোমুখি হয়ে এক ঘণ্টা আকাশে উড়ার পর ঢাকায় ফিরে আসে।

এর আগে গত ৩০ জুলাই সংযুক্ত আরব আমিরাতের শারজাহ বিমানবন্দরে যান্ত্রিক ত্রুটির কারণে প্রায় ৬ ঘণ্টা আটকে ছিল বিমানের একটি বোয়িং ৭৩৭ উড়োজাহাজ। নির্ধারিত সময়ের ৬ ঘণ্টা পর সেটি ঢাকায় ফেরানো হয়। এর দুদিন আগে ২৮ জুলাই ওড়ার পর কেবিন প্রশারে ত্রুটির সংকেত পেয়ে আবার ঢাকায় ফিরে আসে বিমানের দাম্মামগামী একটি বোয়িং ৭৭৭-ইআর উড়োজাহাজ। পরে যাত্রীদের অন্য উড়োজাহাজে নির্দিষ্ট গন্তব্যে পাঠানো হয়।

তারও আগে ২৪ জুলাই দুবাই থেকে চট্টগ্রামে এসে যান্ত্রিক ত্রুটির মুখে পড়ে বিমানের আরেকটি বোয়িং ডিমলাইনার। উড্ডয়নের কিছু সময় পর ল্যান্ডিং গিয়ারের দরজা ঠিকভাবে বন্ধ না হওয়ায় পাইলট আবার চট্টগ্রামে ফিরে যান। ত্রুটি মেরামত শেষে দুই ঘণ্টা পর সেটি আবার ঢাকার উদ্দেশ্যে যাত্রা করে।

তার ৮ দিন আগে গত ১৬ জুলাই রাতে ‘ঢাকায় ত্রুটি’ দেখা দেওয়ায় বিমানের দুবাই-চট্টগ্রাম-ঢাকা রুটের একটি বোয়িং ৭৮৭-৯ ডিমলাইনার উড়োজাহাজকে দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরে ‘গ্রাউন্ডেড’ করা হয়।

বিমানের আরেকটি ফ্লাইটে ঢাকা ও যন্ত্রাংশ পাঠানোর পর উড়োজাহাজটি মেরামত করা হয়। ৩০ ঘণ্টা বিলম্বে দেশে ফেরে উড়োজাহাজটি।

-B